7 JUL 2013

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

# আমরা সাংবিধানিকভাবে বাধ্য সবাইকে শিক্ষা দিতে

– শিক্ষামন্ত্রী

প্রতিনিধি, শিবচর(মাদারীপুর)

গতকাল শনিবার বিকেলে মাদারীপুরের শিবচরের নন্দীপাড়া ইলিয়াছ আহমেদ চৌধুরী কলেজে আকস্মিক পরিদর্শনে এসে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, প্রাথমিক স্তর সরকারিকরণের মূল কারণ হচ্ছে আমরা সাংবিধানিকভাবে বাধ্য সবাইকে শিক্ষা দিতে। তাই আস্তে আস্তে সবগুলো (প্রাথমিক স্কুল) সরকারিকরণে নিয়ে নেব। কিন্তু মাধ্যমিক স্কুল, কলেজ বা মাদ্রাসা সরকারিকরণ নীতি আমাদের নাই। জেনারেলই আমরা তা নিরুৎসাহিত করি। কারণ এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে সরকার এখন শতভাগ বেতন দিচ্ছে। আমরা টাকা দেব, বিল্ডিং করে দিচ্ছি, কিন্তু তারা অনেক কষ্টের মধ্যেও বাড়ানো হয়েছে। হয়তো তা খুব বেশি না। তবে প্রধানমন্ত্রী বিশেষ ক্ষেত্রে ঘোষণা দিলে কোন কোন জায়গায় সরকারিকরন করা হয়। তবে তা আমাদের জেনারেল নীতি নয়। এসময় আরও উপস্থিত ছিলেন স্থানীয় সংসদ সদস্য জাতীয় সংসদ হুইপ নূর ই আলম চৌধুরী, শিক্ষা সচিব ড. কামাল আবুল নাসের চৌধুরী, উপজেলা চেয়ারম্যান রেজাউল করিম তালুকদার, উপজেলা নির্বাহী কর্মকর্তা ইকবাল হুসাইন, আওয়ামীলীগ নেতা মুনির চৌধুরী, পৌর মেয়র ডা. লতিফ মোল্লা, কলেজ অধ্যক্ষ মো. হাফিজুর রহমানসহ প্রশাসন ও আওয়ামীলীগ ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ। মন্ত্রী এ সময় শিক্ষার্থী ও কলেজ শিক্ষকদের খোঁজ খবর নেন।

এসময় মন্ত্রী আরও বলেন, আমরা সৃজনশীল পদ্ধতিতে ইতোমধ্যেই ৫ লাখ শিক্ষককে ট্রেনিং দিয়েছি। আমরা এখন ২৩ হাজার ৩ শ' মাধ্যমিক স্কুলে প্রযুক্তির মাধ্যমে ক্লাশ নেয়ার ব্যবস্থা করছি। এই রকমের বিভিন্ন বিষয়ে আমাদের পরিবর্তন করতে হচ্ছে। যে রকম ধরেন এ বছর আমরা ১ শ' ১১টা বই বদলিয়েছি। সেগুলো ১৮ বছর আগের লেখা।